

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ২২, ২০২০

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
বাড়ী নং-৪০/এ, রোড নং-২০  
মহাখালী ডিওএইচএস, ঢাকা-১২০৬।

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ/০২ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং ১৪৬/এফআরসি/প্রশাঃ/প্রজ্ঞাপন/২০২০/৬৭—যেহেতু, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন-২০১৫ (২০১৫ সালের ১৬ নং আইন), অতঃপর উক্ত আইনের ধারা ৪০ এর উপ-ধারা (১)-এ কাউন্সিল কর্তৃক উক্ত আইনের উদ্দেশ্য পূরণকল্পে ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস জারি করিবার ক্ষমতা রহিয়াছে এবং

যেহেতু, কাউন্সিল উক্ত আইনের ধারা ৪৩ অনুযায়ী ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসসমূহ প্রাক-প্রকাশনাপূর্বক আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে মতামত আহ্বান করিয়া কাউন্সিলের ওয়েবসাইটে নোটিশ জারি করিয়াছে এবং দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় ধারাবাহিকভাবে তিন দিন বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করিয়াছে এবং

যেহেতু, কাউন্সিলের প্রাক-প্রকাশনা বিষয়ে কোন মতামত বা আপত্তি পাওয়া যায় নাই সেহেতু কাউন্সিল উহার ৯ম কাউন্সিল সভায় গৃহীত সিদ্ধান্তক্রমে বাংলাদেশের সকল জনস্বার্থ সংস্থার আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণে প্রযোজ্য নিম্নোক্ত মানদণ্ডসমূহ পরিগ্রহণ এবং জারি করিতেছে। পরিগৃহীত মানদণ্ডসমূহ আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মানদণ্ড উন্নয়নকারী সংস্থা আইএফআরএস ফাউন্ডেশনের সঙ্গে এফআরসি সম্পাদিত চুক্তিপত্রের সূত্রে প্রাপ্ত কপিরাইট ভিত্তিতে পরিগৃহীত।

( ১২০৯৩ )

মূল্য : টাকা ৪.০০

Conceptual Framework for Financial Reporting, IAS01, IAS02, IAS07, IAS08, IAS10, IAS12, IAS16, IAS19, IAS20, IAS21, IAS23, IAS24, IAS26, IAS27, IAS28, IAS29, IAS32, IAS33, IAS34, IAS36, IAS37, IAS38, IAS39, IAS40, IAS41.

IFRS01, IFRS02, IFRS03, IFRS04, IFRS05, IFRS06, IFRS07, IFRS08, IFRS09, IFRS10, IFRS11, IFRS12, IFRS13, IFRS14, IFRS15, IFRS16, IFRS17.

SIC07, SIC10, SIC25, SIC29, SIC32.

IFRIC01, IFRIC02, IFRIC05, IFRIC06, IFRIC07, IFRIC10, IFRIC12, IFRIC14, IFRIC16, IFRIC17, IFRIC19, IFRIC20, IFRIC21, IFRIC22, IFRIC23.

IFRS for SMEs.

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ৪৪ ধারা মোতাবেক বাংলাদেশে নিবন্ধিত সকল জনস্বার্থ সংস্থা উহার আর্থিক প্রতিবেদন প্রণয়নে উপরোল্লিখিত মানদণ্ডসমূহের প্রতিপালন এবং অনুসরণ করিবেন।

উপরে উল্লিখিত মানদণ্ডসমূহ বর্তমানে এফআরএ ২০১৫ এর ৬৯ ধারা মোতাবেক জনস্বার্থ সংস্থাসমূহের জন্য বলবৎ এবং কার্যকর রহিয়াছে। এই প্রজ্ঞাপন ইস্যুর মাধ্যমে মানদণ্ডসমূহ এফআরএ ২০১৫ এর ধারা ৪০ এর অধীন এফআরসি কর্তৃক জারিকৃত মানদণ্ড হিসাবে পরিগণিত হইবে।

ইহা অবিলম্বে কার্যকর হইবে।

ড. মোঃ হামিদ উল্লাহ্ ভূঞা

চেয়ারম্যান

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল।